



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
শিল্প সম্পর্ক শিক্ষায়তন
Industrial Relations Institute(IRI)
মিরেরডাঙ্গা, খুলনা
www.iri.khulna.gov.bd

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.২০৪.২৫.০২৫.২৪.৩১৪

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ০৪ (চার) সপ্তাহ মেয়াদী শ্রম আইন বিষয়ক ৮২ তম “শিল্প সম্পর্ক” প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষার্থী মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রম অধিদপ্তরধীন শিল্প সম্পর্ক শিক্ষায়তন (আই.আর.আই), খুলনা বাংলাদেশ শ্রম আইন-২০০৬ (সংশোধিত, ২০১৮) এর ৩৪৮(৬) ধারার বিধান মতে এ আইনের উপর মালিক, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শ্রমিক ও শ্রমিক প্রতিনিধিগণকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে এ দপ্তরের অধিক্ষেত্রে (খুলনা ও বরিশাল বিভাগ) সরকার কর্তৃক নির্ধারিত “উপযুক্ত কর্তৃপক্ষ”। এ শিক্ষায়তন শিল্প এবং প্রতিষ্ঠানে শৃঙ্খলা ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রেখে নিরবচ্ছিন্ন উৎপাদন অব্যাহত রাখার লক্ষ্যে বিভিন্ন শিল্প কারখানা ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে বাংলাদেশ শ্রম আইন এবং শ্রম বিধিমালা, শ্রম প্রশাসন, শ্রম পরিদর্শন, শ্রমমান, আইএলও কনভেনশন, শ্রম অর্থনীতি, শিল্প সম্পর্ক ও শৃঙ্খলা বিধি, শ্রম কল্যাণ, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা, কর্মপরিবেশ, পেশাগত দায়িত্ব, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, বিশ্বায়ন, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, অটিজম, মাদকের কুফল ও করণীয়, জনসংখ্যা সমস্যা ও সমাধান, নারী ও শিশু নির্যাতন দমন আইন, তথ্য অধিকার আইন-২০০৯, কর্মক্ষেত্রে জেন্ডার ভিত্তিক সহিংসতা, জাতীয় শূদ্ধাচার কৌশল নীতিমালা, ৪র্থ শিল্প বিপ্লব প্রভৃতি বিষয়ক নিয়মিত ০৪ (চার) সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে থাকে। বাংলাদেশ শ্রম আইন-২০০৬ (সংশোধিত-১৮) এর ৩৪৮ ধারায় শ্রম আইনের উপর প্রশিক্ষণের বিধান এবং একই আইনের ৭৯(ক) ধারার বিধান মতে কর্মক্ষেত্রে শ্রমিকের পেশাগত স্বাস্থ্য সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করণের জন্য প্রত্যেক শ্রমিককে কাজের ঝুঁকি সম্পর্কে প্রশিক্ষণের মাধ্যমে সচেতন করা বাধ্যতামূলক করা হয়েছে।

২.০। এ দপ্তরে ০৪ (চার) সপ্তাহ মেয়াদী শ্রম আইন বিষয়ক ৮২ তম “শিল্প সম্পর্ক” কোর্স আগামী ০৩ নভেম্বর, ২০২৪ খ্রি. তারিখ হতে ২৮ নভেম্বর, ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। অনুষ্ঠিতব্য কোর্সে প্রশিক্ষণ গ্রহণ করার জন্য আপনার প্রতিষ্ঠানের প্রশাসনিক বা ব্যবস্থাপনামূলক কাজে দায়িত্বপ্রাপ্ত ০২ (দুই) জন এবং সাধারণ শ্রমিক বা কর্মচারী বা শ্রমিক নেতৃত্বদের মধ্য থেকে ০৪ (পাঁচ) জনসহ সর্বমোট ০৬ (ছয়) জনকে মনোনয়ন দিয়ে সংযুক্ত ছক অনুযায়ী প্রশিক্ষণার্থীদের তথ্য আগামী ২৪ নভেম্বর, ২০২৪ খ্রি. তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

০৮-১০-২০২৪

এস.এম, ফারুক আহমেদ

উপ-পরিচালক

০২৪৭৭৭৩২৯২৬

irikhulna@gmail.com

পুলিশ সুপার, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, শিল্পাঞ্চল-৬, মুজগুম্বি, খুলনা।

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.২০৪.২৫.০২৫.২৪.৩১৪/১ (২)

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর এবং
- ২। অফিস কপি।



০৮-১০-২০২৪
এস,এম, ফারুক আহমেদ
উপ-পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) ৮২ তম কোর্সের পত্রের ২য় অংশ